**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 13.04.24 Time: 07.35A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ বেঙ্গালুরুর রামেশ্বরম কাফের বিষ্ফোরণ কান্ডে এরাজ্যের দীঘা থেকে ধৃত দুই সন্দেহভাজনকে ট্রানজিট রিম্যান্ডে বেঙ্গালুরু নিয়ে যাওয়া হয়েছে।

২/ রেশন দুর্নীতি কান্ডে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, তৃতীয় অতিরিক্ত চার্জশিট দাখিল করেছে।

৩/ প্রথম দফা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গের তিন লোকসভা আসন- জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে ভোটের প্রচার এখন তুঙ্গে।

৪/ ভোটের প্রচারে প্রধানমন্ত্রী, আগামী সপ্তাহে আবারো উত্তরবঙ্গে আসছেন।

৫/ আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩০ বঙ্গাব্দের অবসান।

৬/ মহামেডান স্পোর্টিং আজ আই-লীগ ফুটবলে তাদের শেষ ম্যাচে দিল্লি FC-র মুখোমুখি হবে।

*************************************************************

বেঙ্গালুরুর রামেশ্বরম কাফের বিষ্ফোরণ কান্ডে এরাজ্যের দীঘা থেকে ধৃত দুই সন্দেহভাজনকে ট্রানজিট রিম্যান্ডে বেঙ্গালুরু নিয়ে যাওয়া হয়েছে। NIA আধিকারিকরা গতরাতেই আব্দুল মোথিন আহমেদ ত্বহা ও মুসাভির হোসেন শাজিব নামে এই দুই যুবককে নিয়ে বেঙ্গালুরু নিয়ে যান। এমাসের ১৭ তারিখের মধ্যে তাদের সেখানকার আদালতে তুলতে হবে বলে ব্যাঙ্কশালের বিশেষ NIA আদালত রায় দেয়।

NIA গতকাল পূর্ব মেদিনীপুরের নিউ দীঘার হোটেল থেকে এদের গ্রেফতার করে। এই বিস্ফোরণ কান্ডে কিছুদিন আগেই মুজাম্মিল শরিফ নামে আর এক ব্যক্তিকে তারা

গ্রেপ্তার করেছিল। তাকে জেরা করেই এদের সন্ধান মেলে। তারপর রাজ্য পুলিশের সহযোগীতায় এই দুজনকে গ্রেফতার করা হয়। NIA সূত্রে জানা গেছে, নিউ দীঘার হোটেলে আশ্রয় নেবার আগে ধৃত দুজন ১২ থেকে ২৮ শে মার্চ পর্যন্ত কলকাতার লেনীন সরনী, ধর্মতলা, খিদিরপুর ও একবালপুর এই চার জায়গায় হোটেলেও ওঠে বলে জানা গেছে। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথিপত্র, ল্যাপটপ, ইলেক্ট্রনিক সরঞ্জাম ও ডায়েরি।

উল্লেখ্য, গত পয়লা মার্চ রামেশ্বরম কাফেতে টাইমার লাগানো বিস্ফোরক রেখে আসে এক ব্যক্তি। ঘন্টা খানেক পর ঘটে বিস্ফোরণ। ঐ ঘটনায় ১০ জন আহত হন। বিস্ফোরণ কান্ডের মূল চক্রী আব্দুল মোথিনই ছিল বলে NIA-র অনুমান। কোন্ জঙ্গি সংগঠনের সঙ্গে তাদের যোগসাজশ আছে, তা খতিয়ে দেখা হচ্ছে।

রাজ্যপাল সিভি আনন্দ বোস, বিস্ফোরকান্ডে জড়িতরা ধরায় পড়ায় সন্তোষ ব্যক্ত করেছেন। অযোধ্যা রওনা হওয়ার আগে গতকাল দুপুরে কলকাতা বিমানবন্দরে গতকাল তিনি বলেন, অপরাধীরা দেশের যে প্রান্তেই লুকিয়ে থাকুক না কেন তারা আইনের হাতে ধরা পড়বেই।

এদিকে ভোটের মুখে এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

পশ্চিমবঙ্গ, জঙ্গিদের সুরক্ষিত আশ্রয়স্থলে পরিণত হয়েছে বলে এরাজ্যে বিজেপির সহ পর্যবেক্ষক অমিত মালব্য মন্তব্য করেছেন। এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি এজন্য মমতা ব্যানার্জী সরকারকেই দায়ী করেন। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও বলেছেন, পশ্চিমবঙ্গ এখন আন্তর্জাতিক জঙ্গীদের মুক্তাঞ্চল।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিষয়টি নিয়ে বিজেপির বিরুদ্ধে রাজনীতি করার অভিযোগ তুলেছেন। তিনি গতকাল উত্তরবঙ্গে বলেন, রাজ্য পুলিশ মাত্র দুঘন্টার মধ্যেই দুষ্কৃতীদের খুঁজে বের করেছে।
তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, ঐ দুই জঙ্গী কাঁথির কোন্ পরিবারের আশ্রয়ে ছিল, তা’ আগে জানা দরকার।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী এই ঘটনার তদন্ত ও দোষীদের উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছেন। রাজ্য পুলিশ তৃণমূল কংগ্রেসের সহায়তায় ব্যস্ত। তাই এরাজ্যে সন্ত্রাসবাদীদের যাতায়াত বাড়ছে বলে তাঁর দাবি।

বামফ্রন্টও এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে।

*******************

রেশন দুর্নীতি কান্ডে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি, তৃতীয় অতিরিক্ত চার্জশিট দাখিল করেছে। এই দুর্নীতিতে অভিযুক্ত ব্যবসায়ী বিশ্বজিত দাস ও তার বৈদেশিক মুদ্রা বিনিময় সংস্থার বিরুদ্ধে কলকাতার বিশেষ ইডি আদালতে গতকাল এই চার্জশিট পেশ করা হয়। এতে বলা হয়েছে, বিশ্বজিত হাওয়ালার মাধ্যমে বাংলাদেশ হয়ে সাড়ে ৩০০ কোটি টাকা দুবাই-এ পাচার করেছিল। বিশ্বজিতের আইনজীবি অবশ্য ইডির অভিযোগ অস্বীকার করে বলেন, রিজার্ভ ব্যাঙ্কের নিয়মানুযায়ী'ই আমদানি-রপ্তানি ব্যবসায় এই টাকা বাংলাদেশ হয়ে দুবাইতে যায়। তিনি কোনো বেআইনি কাজ করেন নি।

উল্লেখ্য, ২০০০ থেকে ২০০৪ সাল পর্যন্ত বনগাঁ পুরসভার প্রাক্তন চেয়ারম্যান শনবকর আঢ্যের কর্মচারী ছিলেন বিশ্বজিত। প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের টাকা শঙ্করকে পৌঁছে দেওয়ার কাজ করতেন তিনি। ইডির দাবী, জ্যোতিপ্রিয়র যে ২০০০ কোটি টাকা শঙ্করের মাধ্যমে দুবাই-তে পাঠানো হয়েছিল, তার একটা বড় অংশই পাচার করেছিল বিশ্বজিত। এই মামলায় ১০ কোটি টাকা মূল্যের ১১টি সম্পত্তি বাজেয়াপ্ত হয়েছে বলেও ইডি জানিয়েছে। এর মধ্যে জ্যোতিপ্রিয় মল্লিকের দু'টি বাড়িও 'ফ্রিজ' করা হয়েছে।

আগেই জানানো হয়েছে, রেশন দুর্নীতি মামলায় ইডি গত মার্চে প্রথম চার্জশিট জমা দেয়। এতে নাম ছিল শঙ্কর আঢ্যর।

*******************

দাড়িভিট কাণ্ডে রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং ADG CID-কে ফের আদালতে হাজিরার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। এবার হাজিরা না দিলে তাঁদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হতে পারে বলে হুঁশিয়ারি দিয়েছেন বিচারপতি

রাজাশেখর মান্থা। ওই ঘটনায় NIA তদন্তের নির্দেশ কার্যকর না করায় রাজ্যের তিন শীর্ষ কর্তার বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছিল হাইকোর্ট। গতকাল তাঁদের হাজিরা দেওয়ার নির্দেশ দেওয়া হয়। কিন্তু তাঁরা উপস্থিত না হওয়ায় বিচারপতি ক্ষোভ ব্যক্ত করেন।

আগামী সোমবার সকাল সাড়ে ১০টায় মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ও ADG CID-কে আবার হাজিরার নির্দেশ দিয়েছেন বিচারপতি।

দাড়িভিটে ছাত্র মৃত্যুর ঘটনায় গত বছর মে মাসে NIA তদন্তের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি রাজারশেখর মান্থা। ওই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিল। ডিভিশন বেঞ্চ অবশ্য সিঙ্গল বেঞ্চের নির্দেশের ওপর কোনও হস্তক্ষেপ না করে অবিলম্বে NIA -র হাতে সমস্ত নথি তুলে দিতে রাজ্যকে নির্দেশ দেয়।

উল্লেখ্য, ২০১৮-র সেপ্টেম্বরে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে অগ্নিগর্ভ হয়ে ওঠে উত্তর দিনাজপুরের ইসলামপুরের দাড়িভিট হাই স্কুল। গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয় রাজেশ সরকার এবং তাপস বর্মন নামে দুই প্রাক্তন ছাত্রের। পুলিশের বিরুদ্ধে গুলি চালানোর অভিযোগ করেন স্থানীয়রা। যদিও পুলিশ ওই অভিযোগ অস্বীকার করে।

*******************

প্রথম দফা ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে উত্তরবঙ্গের তিন লোকসভা আসন- জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারে ভোটের প্রচার এখন তুঙ্গে।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল কোচবিহারের দিনহাটা ও আলিপুরদুয়ারের জয়গাঁও-তে জনসভা করেন। বিজেপি সরকারের বিরুদ্ধে কেন্দ্রীয় এজেন্সির অপব্যবহারের অভিযোগ তোলেন তিনি। CBI-কে দিয়ে সাধারণ মানুষ, সংখ্যালঘু ও রাজবংশীদের ভয় দেখানে হচ্ছে, NIA-কে দিয়ে মেয়েদের অসম্মান করা হচ্ছে বলেও মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তবে তাঁর দাবি, উত্তরবঙ্গের মানুষ এর জবাব দেবেন। দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়'ও, ধূপগুড়িতে এক জনসভায় কেন্দ্রের শাসক দলের সমালোচনায় সরব হন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি গতকাল কোচবিহারের নাটাবাড়ি ও আলিপুরদুয়ারের কুমারগ্রামে জনসভা করেন। নাটাবাড়িতে তিনি বলেন, যারা নিরপেক্ষভাবে আইন মেনে কাজ করছেন, সেই সব পুলিশকর্মীদেরই মুখ্যমন্ত্রী দিনহাটা থেকে হুঁশিয়ারি দিচ্ছেন। এজন্য নির্বাচন কমিশনের উচিত তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া। কোচবিহারের বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক'ও দিনহাটার নাটাবাড়িতে জনসভায় যোগ দেন। শুভেন্দু অধিকারী আজ টাকিতে এক জনসংযোগ কর্মসূচীতে অংশ নেবেন। বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের বালুরঘাট ও গঙ্গারামপুরে বেশ কয়েকটি জনসভার কর্মসূচী রয়েছে।

এদিকে, জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের বাম-কংগ্রেস জোট প্রার্থীর সমর্থনে গতকাল সেখানে গান্ধী মূর্তির পাদদেশ থেকে এক মিছিল বের করা হয়। DYFI রাজ্য সম্পাদিকা মীনাক্ষী বন্দ্যোপাধ্যায়, SFI এর সর্বভারতীয় সম্পাদক ময়ূখ বিশ্বাস, কংগ্রেসের জেলা সভাপতি পিনাকী সেনগুপ্ত প্রমুখ ওই মিছিলে যোগ দেন। গোটা পশ্চিমবঙ্গ বারুদের স্তূপে পরিণত হয়েছে বলে মীনাক্ষী অভিযোগ করেন। ভোটের আগে রাজ্য পুলিশ যে কোটি কোটি টাকা ও অস্ত্র বাজেয়াপ্ত করছে, সেগুলি কোথা থেকে আসছে, সে প্রশ্ন'ও তোলেন তিনি। CPIM নেতা সুজন চক্রবর্তী আজ উত্তর ২৪ পরগণার যশোর রোডের সাতগাছি অঞ্চলে জনতা গেস্ট হাউজের সামনে থেকে প্রচার শুরু করবেন। পরে তীর্থ ভারতী থেকে ধানকল পর্যন্ত এক মহা মিছিলেও যোগ দেবেন তিনি। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ মুর্শিদাবাদে জোতকমল সহ বিভিন্ন জায়গায় পথ সভা করবেন।

*******************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, নির্বাচনী প্রচারে আগামী সপ্তাহে আবারো পশ্চিমবঙ্গে আসছেন। আগামী মঙ্গলবার ১৬'ই এপ্রিল তিনি রায়গঞ্জে আসবেন বলে দলীয় সূত্রে জানা গেছে।

উত্তর দিনাজপুর জেলা বিজেপি সভাপতি বাসুদেব সরকার গতকাল প্রধানমন্ত্রীর সফরসূচি সংবাদ মাধ্যমকে জানান। ওই দিন বেলা ১ টা নাগাদ শ্রী মোদী রায়গঞ্জের গোয়ালপাড়া মাঠে জনসভা করবেন ।

এদিকে, এই সভার আগে নিরাপত্তা ব্যাবস্থা খতিয়ে দেখতে প্রধানমন্ত্রী কার্যালয়ে থেকে SPG কর্তারা গতকাল এসে পৌঁছান রায়গঞ্জে। দিনভর চলে সভা স্থল পরিদর্শন। উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের আধিকারিকরা'ও। হেলিপ্যাড এবং সভার রুট'ও পরিদর্শন করা হয়।

সূত্রের খবর, হেলিপ্যাড হিসেবে তিনটি জায়গাকে চিহ্নিত করা হয়েছে। এরপর আয়োজক বিজেপি কার্যকর্তাদের সঙ্গে বৈঠক করেন নিরাপত্তা আধিকারিকরা।

*******************

আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩০ বঙ্গাব্দের অবসানে সূচনা হবে নতুন বছর১৪৩১-এর। পুরনো বছরকে বিদায় জানিয়ে নতুন বছরকে বরণ করে নিতে বিভিন্ন আচার অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে বিভিন্ন জায়গায় পালিত হচ্ছে গাজনের উৎসব ও শিবের গাজন মেলা।

( বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া, নদিয়া, বর্ধমান, মালদা, জলপাইগুড়ি সহ বিভিন্ন জেলায় এই গাজনের উৎসবে অংশ নিচ্ছেন বহু ভক্ত ও সাধারণ মানুষ। চড়ক পুজোর মধ্যে দিয়ে এই গাজনের উৎসব শেষ হবে। )

লোকসভা ভোটের আবহে বাংলা বর্ষবিদায় ও নতুন বছরকে স্বাগত জানাতে আকাশবাণী কলকাতার একটি প্রতিবেদন।

( ভি সি- অভিজিত চরক)

*******************

আই লিগে মহামেডান স্পোর্টিং আজ তাদের শেষ ম্যাচে দিল্লি এফসি-র বিরুদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা ৬ টায়।

মহামেডান স্পোর্টিং ইতিমধ্যেই আই লিগ চ্যাম্পিয়ন হয়ে আগামী মরসুমে আইএসএলে খেলার যোগ্যতা অর্জন করেছে। এই ম্যাচটি মহামেডানের কাছে নিয়মরক্ষার হয়ে দাঁড়িয়েছে।

*******************

ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ অনূর্ধ্ব-২০ জাতীয় ফুটবল প্রতিযোগিতায় গ্রুপ-E লিগে বাংলা ও তামিলনাড়ুর মধ্যে খেলাটি গতকাল অমীমাংসিতভাবে শেষ হয়েছে। প্রথমার্ধে

রাহুল নস্করের গোলে এগিয়ে যায় বাংলা। দ্বিতীয়ার্ধে খেলার গতির বিরুদ্ধে তামিলনাড়ু গোল করে সমতা ফেরায়।

আগামীকাল বাংলার পরের ম্যাচ পঞ্জাবের বিরুদ্ধে। সেই ম্যাচ জিততেই হবে। কারণ গ্রুপ থেকে একটাই দল পরবর্তী পর্যায়ে পৌঁছবে। ৩২ টি দল এতে অংশ নিচ্ছে।

*******************

পূর্ব কলকাতার ফুলবাগান থানা এলাকার কাঁকুরগাছিতে একটি শপিং মল লাগোয়া বস্তিতে আগুন লাগে। দমকলের ৫'টি গাড়ি প্রায় ৩ ঘন্টার চেষ্টায় রাত সাড়ে ১০ টা নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনে। তিনটি ঘর আগুনে ভস্মীভূত হয়েছে। ক্ষয়ক্ষতির বিস্তারিত পরিমাণ অবশ্য জানা যায়নি। দমকল মন্ত্রী সুজিত বসু ঘটনাস্থলে যান।

************************************************************